সমকাল

তারিখ 25 SEP 2016
পৃষ্ঠা: ... কলাম: ...



শনিবার বাকৃবিতে বাংলাদেশ সোসাইটি অব অ্যাগ্রোনমির সম্মেলনে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ■ সমকাল

# তরুণদের দক্ষ ও উৎপাদনশীল করে গড়ে তুলতে হবে

—শিক্ষামন্ত্রী

■ বাকৃবি প্রতিনিধি

দেশের জনসংখ্যার অর্ধেকই তরুণ। সময় থাকতে তরুণদের উৎপাদনশীল ও দক্ষ করে গড়ে তুলতে হবে। সেই সঙ্গে অর্জিত জ্ঞান যাতে খারাপ কাজে লাগাতে না পারে, সে বিষয়ে শিক্ষক ও অভিভাবকদের সতর্ক থাকতে হবে।

বাংলাদেশ সোসাইটি অব অ্যাগ্রোনমি আয়োজিত ১৫তম সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল শনিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে দুই দিনব্যাপী ওই সম্মেলন অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি মো. আবদুল জলিল মৃধার সভাপতিত্বে সম্মেলনে ভিশনারি বক্তব্য রাখেন জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার বাংলাদেশ প্রতিনিধি মাইক রবসন। কৃষিতত্ত্ব ও উপজীবিকা ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## তরুণদের দক্ষ

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিতত্ত্ব বিভাগের অধ্যাপক আবদুল কাদের এবং ফ্রিল্যান্স কনসালট্যান্ট মইন-আস-সালাম।

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আলী আকবর বলেন, কৃষিতত্ত্ববিদদের গবেষণায় দেশের মাঠ-ফসল স্বাধীনতার সময়ের চেয়ে তিনগুণ বৃদ্ধি পেয়েছে। এখন সময় এসেছে খাদ্য নিরাপত্তার দিকে নজর দেওয়ার। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. হামিদুর রহমান, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মো. রফিকুল ইসলাম মণ্ডল এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক সাইদুর হক চৌধুরী উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী সম্মেলনে সেরা কৃষিতত্ত্ববিদ হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের গবেষক নুর-ই-এলাহী এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিতত্ত্ব বিভাগের জ্যেষ্ঠ অধ্যাপক আবদুর রহমান সরকারকে সম্মাননা স্মারক তুলে দেন।